



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম।

(প্রেস বিজ্ঞপ্তি)

এসডিজি অর্জনে বে-সরকারি সংস্থা এবং উন্নয়ন সহযোগী
সহ সবাইকে একযোগে কাজ করতে হবে -সিটি মেয়র

চট্টগ্রাম- ৬ জুলাই ২০১৮

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন টেকসই উন্নয়ন(এসডিজি) লক্ষ্য অর্জনে সরকার ব্যাপক কর্মপরিকল্পনা গ্রহণ করেছে। তাই এ কর্মপরিকল্পনা বাস্তবায়নে বে-সরকারি সংস্থা এবং উন্নয়ন সহযোগী সহ সবাইকে একযোগে কাজ করতে হবে। তিনি আজ বিকালে চট্টগ্রাম জেলা পরিষদ মিলনায়তনে প্রবতারা ইয়ুথ ডেভেলপমেন্ট ফাউন্ডেশন আয়োজিত টেকসই উন্নয়ন লক্ষ্য অর্জনে ডিভিশনাল সাসটেইন্যাবল ডেভেলপমেন্ট শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন। অনুষ্ঠানে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদের ডীন আবু নোমান চৌধুরী, আয়োজক সংগঠন প্রবতারা'র এক্সিকিউটিভ ডিরেক্টর অমিয় চক্রবর্তী অর্ক, ওমেন চেম্বার সদস্য মুস্তারি, রয়ানকন সিইও তানভীর শাহরিয়ার রিমন, জেসিটি কসমোপলিটন পরিচালক ইরফানুল আলম সহ প্রমুখ। তিনি বলেন বাংলাদেশ আগামী ২০৩০ সনের আগেই (এসডিজি) লক্ষ্য অর্জনে সক্ষম হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে সুপরিচালিত পরিকল্পনার মাধ্যমে বাংলাদেশ স্বল্প উন্নত থেকে উন্নয়নশীল দেশ হিসেবে পরিচিতি লাভ করেছে। বর্তমান সরকারের বিগত ৯ বছরে শিক্ষা, স্বাস্থ্য ও অবকাঠামো খাতে ঈর্ষনীয় সাফল্য অর্জিত হয়েছে। এ ক্ষেত্রে তিনি নিজস্ব অর্থায়নে পদ্মা সেতু নির্মাণের কথা উল্লেখ করেন। তিনি বলেন, ১৯৭২ সালে বঙ্গবন্ধু সরকার বাংলাদেশের বাজেট ঘোষণা করেছিল ৭৫৬ কোটি টাকা। এই এসডিজি'র লক্ষ্যমাত্রা অর্জনে শিক্ষা, স্বাস্থ্য, যোগাযোগ, অর্থনীতি, বিজ্ঞান, চিকিৎসা, কৃষি, যুব উন্নয়ন সূচকসহ মোট ১৭টি সূচকে কাজ ইতিমধ্যে শুরু হওয়ায় বর্তমান ২০১৮-১৯ অর্থ বছরে সরকার প্রায় ৪ লাখ ৬৪ হাজার কোটি টাকার বাজেট ঘোষণা করা সম্ভব হয়েছে। উন্নয়নের এ ধারাবাহিকতা অব্যাহত থাকলে ২০৪১ সালের আগেই বাংলাদেশ একটি মধ্য আয়ের দেশে পরিণত হবে। সাসটেইন্যাবল ডেভেলপমেন্ট গোল অর্জনের নেপথ্য শক্তি আমাদের যুব ও তরুণ সমাজের উপর বলে উল্লেখ করে সিটি মেয়র বলেন এই কর্মযজ্ঞে যুব সমাজ ও তরুণ প্রজন্মকে সম্পৃক্ত করার জন্য বর্তমান সরকার নানামুখী উদ্যোগ গ্রহণ করেছে। তিনি বলেন, বর্তমানে আমাদের দেশে অতি দারিদ্রের হার ১১ শতাংশ। যদি আমরা এসডিজি বাস্তবায়ন করতে পারি, তাহলে এই হার ৩ শতাংশের নিচে নেমে আসবে। একই লক্ষ্য প্রধানমন্ত্রীরও। তাই এসডিজি বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ সঠিক পথে এগুচ্ছে বলে তিনি উল্লেখ করেন। পরে মেয়র কর্মশালায় অংশগ্রহণকারী প্রশিক্ষার্থীদের মাঝে সনদ বিতরণ করেন।

(প্রেস বিজ্ঞপ্তি)

**প্রার্থী নয় দলীয় প্রতীককে বিজয়ী করার
জন্য কাজ করতে হবে-সিটি মেয়র ।।**

চট্টগ্রাম- ৬ জুলাই ২০১৮

৩৫নং বক্সির হাট ওয়ার্ড আওয়ামী লীগ আয়োজিত সদস্য সংগ্রহ ও নবায়ন কার্যক্রম অনুষ্ঠানে নগর আওয়ামী লীগ সাধারণ সম্পাদক সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, মনোনয়নের ক্ষেত্রে মাননীয় প্রধানমন্ত্রীর মনোনয়নই শেষ কথা। এখানে আমাদের কাছ থেকে হয়ত তিনি তথ্য সংগ্রহ করতে পারেন। কিন্তু কোন ধরনের সুপারিশ উনার কাছে গ্রহণযোগ্য হবে না। তিনি প্রতিনিয়তই মনোনয়ন প্রত্যাশী নেতাদের ব্যাপারে তথ্য সংগ্রহ করছেন। মনোনয়নের ব্যাপারে তার কাছে কোন ধরনের সুপারিশ বা তদবির করার সুযোগ নেই। তিনি সার্বিক তথ্য পর্যবেক্ষণ করেই প্রত্যেকটি আসনে প্রার্থীর মনোনয়ন চূড়ান্ত করবেন। সুতরাং আমাদেরকে প্রার্থী পছন্দ বিবেচনায় না রেখে দলীয় পছন্দকেই গুরুত্ব দিতে হবে। দলীয় পছন্দের প্রার্থীকে বিজয়ী করার জন্য নিজেদেরকে উৎসর্গ করতে হবে। গতকাল বৃহস্পতিবার বিকেলে আনসার ক্লাব মিলনায়তনে বক্সিরহাট ওয়ার্ড আওয়ামীলীগ সদস্য সংগ্রহ ও নবায়ন কার্যক্রম উদ্বোধন অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে সিটি মেয়র একথা বলেন। কার্যক্রম উদ্বোধন করেন চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগ ভারপ্রাপ্ত সভাপতি মাহতাব উদ্দিন চৌধুরী।

বক্সির হাট ওয়ার্ড আওয়ামী লীগ সভাপতি নুরুল আমিন শান্তির সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক ফয়েজুল্লাহ বাহাদুরের সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগ সহসভাপতি নঈম উদ্দিন চৌধুরী, মুক্তিযুদ্ধ সম্পাদক দেবশীষ গুহ বুলবুল, উপদপ্তর সম্পাদক জহরলাল হাজারী, জাতীয় শ্রমিক লীগ মহানগর শাখার সভাপতি বখতেয়ার উদ্দিন খান, কোতোয়ালী থানা আওয়ামী লীগ সাধারণ সম্পাদক আবুল মনসুর, ওয়ার্ড আওয়ামী লীগ নেতা নূর মোহাম্মদ চৌধুরী, দীপঙ্কর চৌধুরী কাজল, সাবেক সভাপতি এস এম হারুণুর রশিদ, সহসভাপতি লুৎফর রহমান ফারুক, সৈয়দ ছগির আহমদ, আলী আকবর চৌধুরী, জাহাঙ্গীর আলম, আবছার উদ্দিন, যুগ্ম সম্পাদক লিটন রায় চৌধুরী, ওয়ার্ড আওয়ামী লীগ নেতা মান্না বিশ্বাস, আতিকুল্লাহ, নুরুল কাদের ছোটন, মীর আহম্মেদ সওদাগর, ইলিয়াছ জামাল, ওমর ফারুক বাবুল, বেলায়েত হোসেন চৌধুরী। অনুষ্ঠানে ওয়ার্ড আওয়ামী লীগের মৃত্যুবরণকারী নিবেদিত নেতৃবৃন্দের স্মরণে শোক জ্ঞাপন ও রুহের মাগফেরাত কামনা করা হয়।

সংবাদদাতা

রফিকুল ইসলাম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন